ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
প্লট-২৩-২৬, রোড-৪৬, গুলশান-২, ঢাকা।
www.dncc.gov.bd

## ঢাকা উত্তর সিটি কর্পোরেশন কর্তৃক আয়োজিত পবিত্র ঈদ জামাত আয়োজন উপলক্ষ্য আইন-শৃঙ্খলা, ট্রাফিক ব্যবস্থাপনাসহ সার্বিক বিষয়ে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | : জনাব মোঃ শফিকুল ইসলাম খান, প্রশাসক, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |
| তারিখ | : ০১ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ ।। ১৫ মার্চ ২০২৬ |
| সময় | : বেলা-১০.০০ ঘটিকা। |
| স্থান | : ৬ষ্ঠ তলার মিনি কনফারেন্স সভা কক্ষ। |

সভায় উপস্থিতির তালিকা পরিশিষ্ট "ক"

সভার শুরুতে সভাপতি কর্তৃক ঢাকা উত্তর সিটি কর্পোরেশন কর্তৃক আয়োজিত ঈদ জামাত অনুষ্ঠানের সাথে জড়িত আইন শৃংখলা বাহিনীর প্রতিনিধিসহ অন্যান্য সকল পক্ষ এবং বিভিন্ন সংস্থা থেকে আগত কর্মকর্তাগণকে স্বাগত জানানো হয়। সভায় ঈদ জামাত অনুষ্ঠানের বিষয়ে গঠনমূলক মতামত প্রদানের জন্য অনুরোধ করা হয়।

উক্ত ঈদ জামাতে বিপুলসংখ্যক মুসল্লির উপস্থিতি প্রত্যাশিত হওয়ায় যথাযথ প্রস্তুতি গ্রহণের বিষয়টি সভায় গুরুত্বসহকারে আলোচিত হয়। এ লক্ষ্যে প্যান্ডেল ও তোরণ নির্মাণ, আইন শৃংখলা, ট্রাফিক ব্যবস্থাপনা, অজুখানা স্থাপন ও পানি সরবরাহ, মাঠ ও সংলগ্ন সড়কের প্রয়োজনীয় সংস্কার, সার্বিক পরিচ্ছন্নতা কার্যক্রম জোরদার করা, মশকনাশক ঔষধ ছিটানো, মোবাইল টয়লেট স্থাপনসহ অন্যান্য আনুষঙ্গিক প্রস্তুতি দ্রুত সম্পন্ন করার বিষয়ে মতামত ব্যক্ত করা হয়। সভায় আয়োজিতব্য ঈদ জামাতকে সুশৃঙ্খল ও সফলভাবে সম্পন্ন করার লক্ষ্যে সার্বিক প্রস্তুতি ও পরিস্থিতি পর্যালোচনা করা হয় এবং প্রয়োজনীয় কার্যক্রম দ্রুত বাস্তবায়নের ওপর গুরুত্বারোপ করা হয়। বিস্তারিত পর্যালোচনা ও আলোচনান্তে সকলের মতামতের ভিত্তিতে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত-১ | : | বাণিজ্য মেলায় পুরাতন মাঠে ঈদ জামাত আয়োজনের জন্য প্যান্ডেল, তোরণ ইত্যাদি নির্মাণ,সজ্জিতকরণ কাজ দ্রুত সম্পন্ন করতে হবে। |
| বাস্তবায়ন | : | আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা অঞ্চল-৫, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।<br>সংশ্লিষ্ট ঠিকাদার। |

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত-২ | : | নামাজের সুবিধার্থে মাঠ লেভেল করতে হবে এবং পানি ছিটাতে হবে। |
| বাস্তবায়ন | : | প্রকৌশল বিভাগ, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।<br>বর্জ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত-৩ | : | মাঠের প্রয়োজনীয় পরিস্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম সম্পন্ন করতে হবে। |
| বাস্তবায়ন | : | প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।<br>আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা অঞ্চল-৫, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত-৪ | : | মাঠে প্রয়োজনীয় মশার ঔষুধ ছিটানোর কার্যক্রম দ্রুত বাস্তবায়ন করতে হবে। |
| বাস্তবায়ন | : | প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।<br>আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা অঞ্চল-৫, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত-৫ | : | ঈদগাহ মাঠে সুচারুরূপে কার্পেট বিছানোর কাজ সম্পন্ন করতে হবে। |
| বাস্তবায়ন | : | সংশ্লিষ্ট ঠিকাদার, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত-৬ | : | প্যান্ডেলের মোট ০২(দুই) টি দরজা থাকবে। মহিলাদের প্রবেশের জন্য পৃথক প্রবেশ পথের ব্যবস্থা থাকবে। |
| বাস্তবায়ন | : | সংশ্লিষ্ট ঠিকাদার, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত-৭ | : | সার্বিক নিরাপত্তার অংশ হিসেবে ঈদ জামাত এরিয়া সিসি ক্যামেরার আওতায় থাকবে বিশেষ করে জামাতে প্রবেশ পথের মেইন দরজায় এবং প্যান্ডেলের তথা জামাতের বিভিন্ন অংশে সিসি ক্যামেরা থাকবে যাতে করে আগত সকল মুসুল্লীদের একটি সচিত্র পরিসংখ্যান থাকে। সিসি ক্যামেরা মনিটরিং এর জন্য একটি কন্ট্রোল রুম থাকবে। |
| বাস্তবায়ন | : | সংশ্লিষ্ট ঠিকাদার, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত-৮ | : | ঈদ জামাত অনুষ্ঠিত হবে সকাল ৮.০০ ঘটিকায়। উক্ত সময়সূচী অনুযায়ী বাণিজ্য মেলায় পুরাতন মাঠে ঈদ জামাত অনুষ্ঠানের বিষয়ে সকল আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা মাইকিং এর ব্যবস্থা গ্রহণ করবেন। |
| বাস্তবায়ন | : | সকল আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত-৯ | : | ঈদ জামাত অনুষ্ঠিত হবে সকাল ৮.০০ ঘটিকায়। উক্ত সময়সূচী অনুযায়ী বাণিজ্য মেলায় পুরাতন মাঠে ঈদ জামাত অনুষ্ঠানের বিষয়ে জনসাধারণের অবগতির জন্য ডিএনসিসির বিলবোর্ড,নগরীর |

| | | |
|---|---|---|
| | | বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে, সড়কের মিডিয়ানে এবং বিভিন্ন সামাজিক ও ইলেকট্রনিক মিডিয়া এবং সংবাদ পত্রে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে। |
| বাস্তবায়ন | : | সকল আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।<br>প্রধান রাজস্ব কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।<br>জনসংযোগ কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।<br>সংশ্লিষ্ট ঠিকাদার, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত-১০ | : | ঈদ জামাত অনুষ্ঠানের প্রয়োজনীয় সংখ্যক মোবাইল টয়লেট স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। |
| বাস্তবায়ন | : | প্রধান প্রকৌশলী, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত-১১ | : | ঈদ জামাতে আগত জনসাধারণের নিরাপত্তায় প্রয়োজনীয় সংখ্যক মহিলা পুলিশসহ ২(দুই) প্লাটুন পুলিশ নিয়োজিতকরণ করতে হবে। |
| বাস্তবায়ন | : | ঢাকা মেট্রোপলিটন পুলিশ। |

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত ১২ | : | ঈদ জামাতে আগত জনসাধারণের গাড়ী পার্কিং ব্যবস্থাসহ রাস্তায় যানজট নিরসনের জন্য ট্রাফিক বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। |
| বাস্তবায়ন | : | ঢাকা মেট্রোপলিটন পুলিশ। |

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত ১৩ | : | পবিত্র ঈদ জামাত আয়োজনে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকল্পে ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। |
| বাস্তবায়ন | : | ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)<br>নির্বাহী প্রকৌশলী(বিদ্যুৎ), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত -১৪ | : | ঢাকা ওয়াসা থেকে ঈদ জামাত অনুষ্ঠানে আগত মুসল্লীদের জন্য ঢাকা ওয়াসা খাবার পানি সরবরাহ করবেন। |
| বাস্তবায়ন | : | ঢাকা ওয়াসা।<br>প্রধান সমাজ কল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন (প্রয়োজনীয় সমন্বয় করবেন)। |

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত - ১৫ | : | ঈদ জামাতে আগত মুসল্লীগণের ওযু ও সুপেয় পানি সরবরাহ নিশ্চিত কল্পে প্রয়োজনীয় সংখ্যক পানিসহ ট্রাক/লরি সরবরাহ/ পানির লাইন সংযোগ প্রদানের বিষয়ে ঢাকা ওয়াসা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। |
| বাস্তবায়ন | : | ঢাকা ওয়াসা। |

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত-১৬ | : | ঈদ জামাতে নামাজ পড়ানোর জন্য একজন ইমাম ও একজন অপেক্ষমান ইমাম প্রেরণের জন্য ইসলামী ফাউন্ডেশন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। |
| বাস্তবায়ন | : | ইসলামী ফাউন্ডেশন, বাংলাদেশ। |

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত-১৭ | : | ঈদ জামাতে মিম্বরের সামনে ভিভিআইপি/ভিআইপিদের বসার জায়গা সংরক্ষণের জন্য স্কাউট এবং স্বেচ্ছাসেবীদের নিয়োজিত করতে হবে এবং সামনে নতুন জায়নামাজ বিছাতে হবে। |
| বাস্তবায়ন | : | আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা,অঞ্চল-০৫, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।<br>নিরাপত্তা কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত-১৮ | : | ঈদ জামাতে জরুরি স্বাস্থ্যসেবা প্রদানের লক্ষ্যে অ্যাম্বুলেন্সসহ একটি স্বাস্থ্যসেবা টিম উপস্থিত রাখার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। |
| বাস্তবায়ন | : | প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত-১৯ | : | ফটোগ্রাফি, ভিডিওগ্রাফি এবং ড্রোন এর মাধ্যমে অনুষ্ঠান কাভারেজ এর ব্যবস্থা রাখতে হবে। |
| বাস্তবায়ন | : | সংশ্লিষ্ট ঠিকাদার, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত-২০ | : | নামাজের পূর্বে মাইকসহ এবং সকল সাউন্ড সিষ্টেম চেক করে নিতে হবে। |
| বাস্তবায়ন | : | সংশ্লিষ্ট ঠিকাদার, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ শফিকুল ইসলাম খান
প্রশাসক
ও
সভাপতি
ঈদ জামাত প্রস্তুতিমূলক সভা
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

নং: ৪৬.১০.০০০০.০০৬.৯৯.৪১৬.২৬-২৪৫

তারিখ: ০২ চৈত্র / ১৫ মার্চ ২০২৬

বিতরণ কার্যার্থে:

.....................................................

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. বিভাগীয় প্রধান (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
২. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৩. প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৪. প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর স্টাফ অফিসার, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৫. সিস্টেম এনালিস্ট, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন সভার কার্যবিবরণীটি (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৬. সহকারী সচিব, সংস্থাপন-১ ও ২, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৭. অফিস কপি।